দামুড়হুদায় কৃষকের এক বিঘা জমির পেঁপে গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের মাঠে রাতের আধারে কৃষকের ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ কেটে দিয়েছে দূর্বৃত্তরা। রবিবার দিনগত রাতে এ ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। এবিষয়ে ভুক্তভোগী থানায় অভিযোগ দায়ের করেন।

অভিযোগ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের কৃষক আব্দুর রহিম (৪৫) এর ১বিঘা জমির ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ রবিবার দিনগত গভীর রাতে কেটে দিয়েছে দূর্বৃত্তরা। সোমবার সকালে পুরাতন হাউলী গ্রামের মৃত আবু শামার ছেলে কৃষক আব্দুর রহিম পেঁপের খেত দেখতে গিয়ে তার জমির পেঁপে গাছ গুলো কাটা অবস্থায় পড়ে থাকতে দেখে দিশেহারা হয়ে পড়ে।

এসময় সে স্থানীয় ও মাঠের অন্যান্য কৃষকদের ডেকে জানতে চেষ্টা করে কিভাবে এ ঘটনা ঘটলো। তবে এ বিষয়ে স্থানীয় ও কৃষকরা কেউ কিছু বলতে পারেনি। তারা এবং খেত মালিক ধারণা করছে গভীর রাতের আধারে এই ঘৃণিত কাজ দূর্বৃত্তরা করেছে। এবিষয়ে ভুক্তভোগী বাদী হয়ে গতকাল দামুড়হুদা মডেল থানায় অজ্ঞাত নামা ব্যক্তিদের বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করেন।

কৃষক আব্দুর রহিম বলেন, এর আগেও আমার কে বা করা ৩ বার ফসল কেটে দিয়ে ক্ষতি করেছে। এবার দিয়ে ৪ বার আমার ফসল কেটে ক্ষতি করলো। এর আগে আমার শিমের বাগানের সবগাছ কেটে দিয়েছিল দুর্বৃত্তরা। এবার আমার প্রায় লক্ষাধীক টাকার ক্ষতি হয়েছে। এভাবেই একজন কৃষকের স্বপ্ন ভাঙছে দুর্বৃত্তরা। আমি এসব চাষ আবাদ আর করবো না। যতক্ষণ পর্যন্ত এই সকল ঘৃণিত ব্যক্তিরা আইনের আওতায় না আসে, ততদিন পর্যন্ত আমি চাষ আবাদ করব না। এ ধরণের ঘৃণিত কাজ যারা করেছে তাদের (অজ্ঞাত নামা) বিরুদ্ধে থানায় একটি অভিযোগ দায়ের করেছি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, এবিষয়ে একজন অভিযোগ করতে এসেছিল, অভিযোগ পেয়েছি, সরজমিনে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।